

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি: মোছা: তাছলিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

সভার স্থান: উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান-এর অফিস কক্ষ। তারিখ: ০৪/০৩/২০২২ খ্রি:। সময়: ০২:০০ ঘটিকা।

সদস্য সচিব: ডা:আহসান হাবিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সদস্য সচিব।

অধ্যকার সভায় সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভাপতি ও উপজেলা পরিষদের সম্মানিত মহিলা ভাইস চেয়ারম্যান মোছা: তাছলিমা আক্তার। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

আলোচ্য বিষয়: স্থানীয় সরকার বিভাগ এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ।

আলোচনা: সভায় সদস্য সচিব ডা: আহসান হাবিব জানান যে, স্থানীয় সরকার বিভাগ এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রকল্প কার্যালয়ের ২২/০৮/২০২১ খি: তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০০.০৩৫(২).২০২১-২৪৪ নং স্বারকে উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর একটি চিঠি ইস্যু করা হয়। যাতে উল্লেখ করা হয় সক্ষমতা বৃদ্ধিমূলক প্রতিটি উপ-প্রকল্পের ন্যূনতম বাজেট হবে ১.০০ (এক) লক্ষ টাকা এবং উপজেলা পর্যায়ে যে সকল প্রশিক্ষণ আয়োজন করা হবে উপ-প্রকল্প আকারে প্রস্তাবনা যথারীতি প্রকল্প দপ্তরে পাওয়ার পর যাচাই এবং সম্মতিক্রমে অধীম প্রেরিতব্য ১০.০০ (দশ) লক্ষ টাকা ২০২০-২১ অর্থ বছরের জন্য সংশোধিত বাজেটের অন্তর্ভুক্ত হবে। উপর্যুক্ত বর্ণনার আলোকে এতদসংগে প্রেরিত নির্দেশনা অনুসরণ করে নির্ধারিত ছকে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ সংক্রান্ত উপ-প্রকল্প প্রণয়ন করে ৩০ নভেম্বর ২০২১ খি: তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। যার পরিপ্রেক্ষিতে সদস্য সচিব ও উপস্থিত সদস্যবৃন্দ উপজেলা প্রকৌশলী তার বিভাগের প্রয়োজনীয়তা গুরুত্ব বিবেচনা করে ২০২০-২১ অর্থ বছরের জন্য প্রাতিষ্ঠানিক ডেলিভারি সেবা বৃদ্ধি এবং এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে মাতৃমৃত্যু হ্রাসে প্রাতিষ্ঠানিক প্রসবের গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টির প্রশিক্ষণ।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাস্তে উপ-প্রকল্পটি জরুরী ও জনগুরুত্ব বিবেচনায় সর্বসম্মতিক্রমে প্রকল্প বাছাই কমিটিতে নির্বাচনের জন্য উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্য গণকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(মোছা: তাছলিমা আক্তার)

সভাপতি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্মারক নং:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো:

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ৩) উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ৪) অফিস কপি।

তারিখ: ০৪/০৩/২০২২ খ্রি:।


(ডা: আহসান হাবিব)

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

ও

সদস্য সচিব

দেওয়ানগঞ্জ, জামালপুর।